রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম পানীয় বস্তুতে ফুঁ দিতে নিষেধ করেছেন।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, “তিনি পানীয় বস্তুতে ফুঁ দিতে নিষেধ করেছেন। একটি লোক নিবেদন করল, ‘পান পাত্রে (যদি) আমি খড়কুটো দেখতে
পাই?’ তিনি বললেন, “তাহলে তা ঢেলে ফেলে দাও।” সে নিবেদন করল, ‘এক শ্বাসে পানি পান করে
আমার তৃপ্তি হয় না।’ তিনি বললেন, “তাহলে তুমি পেয়ালা মুখ থেকে দূরে সরিয়ে নিয়ে
নিঃশ্বাস গ্রহণ করো।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি মালেক বর্ণনা করেছেন। - এটি
দারিমী বর্ণনা করেছেন]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম পানীয় বস্তুতে ফুঁ দিতে নিষেধ করেছেন। একটি লোক জিজ্ঞাসা করল এবং সে বলল হে আল্লাহর রাসূল! ‘পান পাত্রে (যদি) খড়কুটো দেখে যদি কোনো মানুষ তা দূর করার জন্য ফুঁ দেয়?’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “যে পানিতে খড়কুটো তা ঢেলে ফেলে দাও তাতে তুমি ফুঁ দেবে না।” অতঃপর সে আবার জিজ্ঞাসা করল, ‘এক শ্বাসে পানি পান করে আমার তৃপ্তি হয় না।’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দিলেন, যেন পেয়ালা মুখ থেকে দূরে সরিয়ে নেয় অতঃপর নিঃশ্বাস গ্রহণ করে তারপর আবার ফিরিয়ে আনে এবং পান করে।

http://sunnah.global/hadeeth/bn/show/5453